দৈনিক বাংলা

তারিখ 07 DEC 1995
পৃষ্ঠা ৫ কলাম ৩

24

# পাবলিক লাইব্রেরীর শিশু পাঠাগার

মহানগরীর শাহবাগে জাতীয় যাদুঘরের পার্শ্বেই একটি সুরম্য ভবনে কেন্দ্রীয় পাবলিক লাইব্রেরীর অবস্থান। লাইব্রেরীতে একটি শিশু পাঠাগারও আছে। শিশু পাঠ্যাগারটি অপরাপর পাঠাগার থেকে একটি পৃথক ভবনে ছিল। কিন্তু শিশু পাঠাগারটি দোতলায় একটি সংকীর্ণ কক্ষে স্থানান্তর করা হয়েছে। স্থানান্তরিত কক্ষে জায়গায় স্বল্পতা হেতু শিশু পাঠাগারের অনেক আসবাবপত্র এখনও পূর্বেকার ভবনে অব্যবহৃত অবস্থায় পড়ে আছে। এখানে মাত্র ১৫/২০ জন পাঠকের অধিক বসার ব্যবস্থা নেই। শিশু পাঠাগারটি যখন সাবেক ভবনে ছিল, তখন মায়েরা তাদের বাচ্চাদের নিয়ে নিয়মিত শিশু পাঠাগারে যেতেন। কিন্তু এখন যে স্থানে পাঠাগারটি নেয়া হয়েছে তার আশপাশে কলেজ–বিশ্ববিদ্যালয়ের ছেলে-মেয়েরা এমনভাবে বসে বা দাঁড়িয়ে গল্পগুজব হাসি–তামাসা করে যে তাতে আমাদের মতো মায়েরা বাচ্চাদের নিয়ে আর শিশু পাঠাগারে যেতে পারছি না। শিশুদের জ্ঞান– বিজ্ঞানের বিষয়ের লক্ষ লক্ষ টাকা মূল্যের বই প্রতি বৎসর এই পাঠাগারে ক্রয় করা হয়ে থাকে। শিশুদের পাঠের অনুকূল পরিবেশ না থাকায় শিশুরা পাঠাগারটি ব্যবহার করতে পারছে না। বইই যদি ব্যবহার না হলো, তাহলে বই ক্রয় করে গুদামজাত করে রেখে সরকারী অর্থের অপচয় করা কেন? এ ব্যাপারে গ্রন্থাগার কর্তৃপক্ষের কোন মাথা ব্যথা আছে বলে মনে হয় না। যা হোক, আমরা চাই পাঠাগারটি সাবেক ভবনে জরুরী ভিত্তিতে স্থানান্তর করে মা ও শিশুদের শিশু পাঠাগারটি ব্যবহার করার সুযোগ করে দেয়া হবে। এ ব্যাপারে সংশ্লিষ্ট কর্তৃপক্ষের আশু দৃষ্টি কামনা করছি।

তাহমিনা আক্তার
১০/এ কাঁঠাল বাগান, ঢাকা।